গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০৪৩.০২৬.০৩৮.০১০.২১-১৬, তারিখঃ ০৫-০১-২০২২ খ্রি.।

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়ীচালক তৈরির মাধ্যমে যুবদের জন্য পরিবহণ খাতে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরাধীন "যানবাহন চালনা প্রশিক্ষণ" প্রকল্পের আওতাধীন ৪০টি জেলার মাধ্যমে ৬৪টি জেলার বেকার যুবদের যানবাহন চালনা বিষয়ে ০১ (এক) মাস মেয়াদী অনাবাসিক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের এক/একাধিক প্যানেল করার নিমিত্ত তাঁদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্সের নাম | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | প্রশিক্ষণ ভাতা/ যাতায়াত ভাতা (টাকা) | সাক্ষাৎকারের স্থান |
|---|---|---|---|---|
| ০১. | **যানবাহন চালনা প্রশিক্ষণ :** প্রশিক্ষণের মেয়াদ-০১ মাস (অনাবাসিক), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৪০ জন। কোর্স ফি ঃ নাই। | অষ্টম শ্রেণী বা সমমান পাশ এবং বয়স ২০ থেকে ৩৫ বছর। | দৈনিক জনপ্রতি ১৫০/- টাকা (উপস্থিতির ভিত্তিতে) | উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, স্ব-স্ব জেলা কার্যালয় |

**৪০টি প্রশিক্ষণ কেন্দ্রের নাম(মূল কেন্দ্র ও আওতাভুক্ত জেলাসহ) :**

উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর(যুব প্রশিক্ষণ কেন্দ্র)।

| মূল কেন্দ্র(যেখানে প্রশিক্ষণ প্রদান করা হবে) | মূল কেন্দ্রের আওতাভুক্ত জেলা | মূল কেন্দ্র(যেখানে প্রশিক্ষণ প্রদান করা হবে) | মূল কেন্দ্রের আওতাভুক্ত জেলা |
|---|---|---|---|
| (১) সাভার ঢাকা | মুন্সীগঞ্জ | (২) গাজীপুর(এককভাবে) | - |
| (৩) টাঙ্গাইল | মানিকগঞ্জ | (৪) নরসিংদী | নারায়নগঞ্জ |
| (৫) কিশোরগঞ্জ(এককভাবে) | - | (৬) ফরিদপুর(এককভাবে) | - |
| (৭) গোপালগঞ্জ(এককভাবে) | - | (৮) শরিয়তপুর | মাদারীপুর |
| (৯) রাজবাড়ী(এককভাবে) | - | (১০) নেত্রকোনা | ময়মনসিংহ |
| (১১) শেরপুর | জামালপুর | (১২) চট্টগ্রাম | কক্সবাজার |
| (১৩) কুমিল্লা | ব্রাহ্মণবাড়িয়া | (১৪) চাঁদপুর(এককভাবে) | - |
| (১৫) নোয়াখালী | ফেণী | (১৬) খাগড়াছড়ি | রাঙ্গামাটি |
| (১৭) বান্দরবান(এককভাবে) | - | (১৮) লক্ষীপুর(এককভাবে) | - |
| (১৯) বগুড়া | নাটোর | (২০) নওগাঁ | রাজশাহী |
| (২১) চাঁপাইনবাবগঞ্জ(এককভাবে) | - | (২২) জয়পুরহাট(এককভাবে) | - |
| (২৩) পাবনা | সিরাজগঞ্জ | (২৪) সাতক্ষীরা(এককভাবে) | - |
| (২৫) বাগেরহাট | খুলনা | (২৬) ঝিনাইদহ | নড়াইল |
| (২৭) মাগুরা | যশোর | (২৮) কুষ্টিয়া(এককভাবে) | - |
| (২৯) চুয়াডাঙ্গা | মেহেরপুর | (৩০) সুনামগঞ্জ | সিলেট |
| (৩১) হবিগঞ্জ | মৌলভীবাজার | (৩২) ঝালকাঠি | বরিশাল |
| (৩৩) পিরোজপুর | বরগুনা | (৩৪) ভোলা | পটুয়াখালী |
| (৩৫) নীলফামারী | রংপুর | (৩৬) লালমনিরহাট(এককভাবে) | - |
| (৩৭) কুড়িগ্রাম(এককভাবে) | - | (৩৮) গাইবান্ধা(এককভাবে) | - |
| (৩৯) ঠাকুরগাঁও | দিনাজপুর | (৪০) পঞ্চগড়(এককভাবে) | - |

উল্লেখ্য, এককভাবে যে সকল জেলা প্রশিক্ষণ প্রদান করবেন সে সকল জেলা ৪০ জন প্রশিক্ষণার্থী নির্বাচন করে প্রশিক্ষণ প্রদান করবেন। অন্যান্য জেলাসমূহ যৌথভাবে প্রতি কোর্সে ২০(বিশ) জন করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে মূল কেন্দ্রে(৪০টি কেন্দ্রের মাধ্যমে) প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবেন। তবে, প্রতিটি কেন্দ্রে ১৫ জন প্রশিক্ষণার্থীর আবাসন সুবিধা রয়েছে।

Shahidul/training-11

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:**

ক) আবেদন/দরখাস্ত জমাদানের স্থান : স্ব-স্ব জেলাধীন উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর।

খ) আবেদন/দরখাস্ত জমাদানের শেষ তারিখ: ৩১ জানুয়ারি ২০২২ খ্রি.

গ) বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ২০ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব মহিলা হতে হবে;

ঘ) স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজি) (০২) পিতার নাম (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজি) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) whatsapp (১৪) facebook ID(যদি থাকে) (১৫) ই-মেইল ঠিকানা (১৬) বিকল্প যোগাযোগ নম্বর (১৭) ইত:পূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে);

ঘ) আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র(যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।

ঙ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব জেলার যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

চ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এজন্য কোনো প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

ছ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**প্রশিক্ষণের শর্তাবলিঃ**

(ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

(খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

(গ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপ-পরিচালক বরাবরে দাখিল করতে হবে।

(ঘ) প্রশিক্ষণকালীন সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ**

* উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (সংশ্লিষ্ট সকল জেলা)

০৩/১/২০২২

(আব্দুল লতিফ মোল্লা)
(যুগ্ম সচিব)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোন ঃ ২২৩৩৮০৭৬১
E-mail- pdautodriving@gmail.com

নং-৩৪.০১.০০০০.০৪৩.০২৬.০৩৮.০১০.২১-১৬, তারিখঃ ০৫-০১-২০২২ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। অতিরিক্ত সচিব(উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক/প্রকল্প পরিচালক--------------------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৪। যুগ্ম সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৫। উপ-পরিচালক------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, -------------------

০৬। কো-অর্ডিনেটর,ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----------------------------(সকল জেলা)

০৭। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৯। অফিস কপি।

০৫/০১/২২

(সাইফুল আহমেদ)
সহকারী প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা

Shahidul/training-12

# যানবাহন চালনা প্রশিক্ষণ কোর্সে ভর্তির আবেদন ফরম

ক্রমিক নং-

কোর্সের নাম: যানবাহন চালনা প্রশিক্ষণ

বরাবর
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
জেলা :

বিষয় : যানবাহন চালনা প্রশিক্ষণ কোর্সে ভর্তির আবেদন।

মহোদয়,

যথাযথ সম্মানপূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী একজন বেকার যুবক। বিগত------------------------- তারিখে পত্রিকায়/স্থানীয়ভাবে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে আমি যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় যানবাহন চালনা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক। আমার জীবনবৃত্তান্ত এবং শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| ০১ | নাম (বাংলা) | : | |
| | (ইংরেজী) | : | |
| ০২ | পিতার নাম (বাংলা) | : | |
| | (ইংরেজী) | : | |
| ০৩ | পিতার জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ০৪ | মাতার নাম (বাংলা) | : | |
| | (ইংরেজী) | : | |
| ০৫ | মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ০৬ | জন্ম তারিখ | : | |
| ০৭ | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স | : | |
| ০৮ | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ০৯ | জন্ম নিবন্ধন নম্বর | : | |
| ১০ | বর্তমান ঠিকানা | : | |
| ১১ | স্থায়ী ঠিকানা | : | |
| ১২ | সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা ও পাশের সন | : | |
| ১৩ | ধর্ম | : | |
| ১৪ | জেন্ডার | : | |
| ১৫ | মোবাইল নম্বর | : | |
| ১৬ | whats App mobile number | : | |
| ১৭ | Facebook ID (যদি থাকে) | : | |
| ১৮ | ই-মেইল ঠিকানা | : | |
| ১৯ | বিকল্প মোবাইল/যোগাযোগ নম্বর | : | |
| ২০ | ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) | : | |
| ২১ | প্রশিক্ষণার্থীর আবাসন প্রয়োজন রয়েছে কি না? | : | |

আবেদনের সাথে দাখিলকৃত কাগজাদি (টিক চিহ্ন দিন)

| জাতীয় পরিচয়পত্র | জন্ম সনদ | নাগরিকত্ব সনদ | শিক্ষাগত যোগ্যতার সনদ |
|---|---|---|---|
| | | | |

আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, আমি একজন বেকার। ফরমে বর্ণিত সকল তথ্যাদি সঠিক। আমি প্রশিক্ষণের সকল নিয়মাবলি মেনে চলতে বাধ্য থাকব। অতএব, উপরিউক্ত তথ্যাদি বিবেচনায় আমাকে যানবাহন চালনা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ দানে করে বাধিত করবেন।

বিনীত নিবেদক

স্বাক্ষর :

নাম :

তারিখ :

Shahidul/training-13